ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৯৯৫

কুমারঘাট, ১ ডিসেম্বর, ২০২৪

## অটল কবিতা ও সাহিত্য উৎসব-২০২৪
## যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রীর সভাপতিত্বে কৈলাসহরে প্রস্তুতি সভা

আগামী ২৫-২৬ ডিসেম্বর কৈলাসহরের ঊনকোটি কলাক্ষেত্রে অটল কবিতা ও সাহিত্য উৎসব-২০২৪ অনুষ্ঠিত হবে। এ বিষয়ে আজ ঊনকোটি সার্কিট হাউসের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায়। সভায় যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী অটল কবিতা ও সাহিত্য উৎসব সফল করতে সবার সহযোগিতা কামনা করেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে দু'দিনব্যাপী দ্বিতীয় অটল কবিতা ও সাহিত্য উৎসবে বহুভাষিক কবি সম্মেলন ছাড়াও সাহিত্যের বিভিন্ন বিষয়ের উপর আলোচনাচক্র ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। তাছাড়াও প্রকাশিত হবে স্মরণিকা। এই উৎসব উপলক্ষে ২৪ ডিসেম্বর কৈলাসহরে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করবে। শোভাযাত্রায় কবি, সাহিত্যিক ও সমাজের বিশিষ্টজনেরা অংশ নেবেন। এ উপলক্ষে শহরকে সাজিয়ে তোলা হবে। অটল কবিতা ও সাহিত্য উৎসবে বিভিন্ন রাজ্যের খ্যাতনামা কবিদের পাশাপাশি রাজ্যের বহুভাষিক বিশিষ্ট কবিদের আমন্ত্রণ জানানো হবে।

প্রস্তুতি সভায় স্বাগত বক্তব্য রাখেন ঊনকোটি জেলার জেলাশাসক ডি কে চাকমা। সভায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য বলেন, গতবছর উদয়পুরে আয়োজিত প্রথম অটল কবিতা ও সাহিত্য উৎসবের সাফল্যকে সংহত করেই এবছরও আমাদের এই উৎসব পরিচালনা করতে হবে। রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী জানান, এবছর থেকে রাজ্যসরকার অটল বিহারী বাজপেয়ী সাহিত্য সম্মান পুরস্কার তাঁর জন্মদিনে আয়োজিত অটল কবিতা ও সাহিত্য উৎসবে প্রদান করা হবে। প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়, কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস, পেঁচারথল বিএসি'র চেয়ারম্যন সজল চাকমা প্রমুখ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

*******